



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

নং নির্দেশ বিজ্ঞপ্তি নং ০৩/২০২২

তারিখঃ ০১/০৯/২০২২খ্রি.

সকল বিভাগীয় প্রধান/সকল জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/সকল শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়/সকল জেলা/উপজেলা।

বিষয়ঃ ২০১৯-২০, ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে প্রধান কার্যালয়ের ১৪/০৪/২০২২ তারিখের নির্দেশ বিজ্ঞপ্তি নং ০১/২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ২০১৯-২০, ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) ৩১/০৮/২০২২ তারিখের মধ্যে প্রেরণের নির্দেশনা দেয়া হয়। ইতোমধ্যে উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তা/কর্মচারীর বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) প্রধান কার্যালয়ের হস্তগত হলেও কিছু সংখ্যক বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) এখনও আমাদের হস্তগত হয়নি।

এমতাবস্থায়, যারা এখনো বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) প্রেরণ করেননি তাদেরকে আগামী ০৮/০৯/২০২২ তারিখের মধ্যে ২০১৯-২০, ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য এতদ্বারা আপনাদেরকে নির্দেশ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক

তারিখঃ ০১/০৯/২০২২খ্রি.

নং পসব্ব/প্রকা/প্রশা-৮৬(১)/২০২২-২৩/১৫২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

- ১) স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩) স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪) নথি।

(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক